জানুন · প্রার্থী হোন · ভোট দিন

এডুকেশন কাউন্সিল নির্বাচন 2025

নির্বাচনী প্রচারের পথ-নির্দেশনা

এসব নির্দেশনা চ্যান্সেলরের প্রবিধান D-130-এর সবচেয়ে প্রাসঙ্গিক ব্যবস্থাগুলোর প্রতিফলন ঘটায়, যা আসনের জন্য প্রার্থীর DOE-এর বিল্ডিং ও অন্যান্য সংস্থান বা রিসোর্স ব্যবহার নিয়ন্ত্রণ করে।

যা করা যাবে

নিচে কিছু অনুমোদনযোগ্য নির্বাচনী প্রচার কর্মকাণ্ডের উদাহরণ দেয়া হলো যা আপনি আপনার প্রচার কৌশলের অংশ হিসেবে ব্যবহার করতে পারেন।

- বিতরণ তালিকা তৈরি যাতে আপনি সহজে বিবিধ প্রচার সামগ্রী ইমেইলে, সোশ্যাল মিডিয়াতে এবং ডাকযোগে সম্ভাব্য ভোটার গ্রুপের কাছে পাঠাতে পারেন।
- একটি বিশেষ ইমেইল ঠিকানা তৈরি করা যা আপনার প্রচারের যোগাযোগগুলিকে (যেমন, JohnDoe4CECXX@gmail.com) সহজভাবে চিহ্নিত করে।
- আপনার প্রার্থীতা প্রচার করতে ব্যক্তিগত সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ব্লগ অথবা ওয়েবসাইট ব্যবহার। তবে, আপনি যদি আপনার সামাজিক মিডিয়া অ্যাকাউন্টে নিজেকে একজন CCEC সদস্য হিসেবে পরিচয় দিতে চান, তাহলে নিশ্চিতভাবে এই মর্মে একটি দাবিত্যাগের সংযুক্তি অন্তর্ভুক্ত করুন যে, প্রকাশিত মতটি আপনার, এবং আপনি যে CCEC-এর অন্তর্ভুক্ত, সেটির অন্য কারো নয়।
- বিভিন্ন প্রবন্ধ, অপ-এড, ব্লগ পোস্ট লেখা, যা আপনার মতামত এবং শিক্ষা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আপনার জ্ঞানের প্রকাশ বৃদ্ধিতে সহায়ক হয়।
- আপনার প্রচার বৃদ্ধিতে আপনাকে সহায়তাদানে বন্ধু-বান্ধব এবং পরিবারকে স্বেচ্ছাসেবার সুযোগ দিন।
- ভার্চুয়াল মিটিং এবং অনুষ্ঠানের আয়োজন ও অংশগ্রহণ করা যা আপনাকে আপনার চিন্তা-ভাবনা প্রকাশের এবং সম্ভাব্য ভোটারদেরকে আপনাকে প্রশ্ন করার সুযোগ দেয়।
- আপনার এলাকায়, কমিউনিটি মিটিংয়ে, স্কুলের আশেপাশে (DOE-এর অধীন স্থানে নয়), বিভিন্ন পার্কে অথবা অন্যান্য উন্মুক্ত যেসব স্থানে আপনি সম্ভাব্য ভোটার পেতে পারেন সেসব স্থানে ফ্লায়ার এবং অন্য প্রচারণা সামগ্রী বিলি করা।
- DOE-বহির্ভূত পাবলিক অথবা প্রাইভেট ফোরামে যেমন কমিউনিটি বোর্ড মিটিং, কমিউনিটি প্রিসিংক্ট মিটিং, এবং অন্য অনুষ্ঠানে আপনার প্রার্থীতা প্রচার করার।
- DOE অনুমোদিত প্রচার অনুষ্ঠানে প্রচার সামগ্রী আনা এবং প্রদর্শন করা যেমন প্রার্থী ফোরামসমূহ।
- আপনার প্রচারে আপনি যে অর্থ ব্যয় করেন তার রেকর্ড সংরক্ষণ (যেমন, রিসিট অথবা ইনভয়েস) করা (দ্রষ্টব্য: চ্যান্সেলরের প্রবিধান D-130 অনুযায়ী CCEC প্রার্থীদের ব্যয়ের রেকর্ড রাখা আবশ্যিক।)

জানুন · প্রার্থী হোন · ভোট দিন

এডুকেশন কাউন্সিল নির্বাচন 2025

যা করা যাবে না

নিচে উল্লিখিত কর্মকাণ্ড চ্যান্সেলরের প্রবিধান D-130 এবং/অথবা সিটির স্বার্থের দ্বন্দ্বের নিয়ম-কানুন দ্বারা নিষিদ্ধ। নিষিদ্ধ প্রচার কর্মকাণ্ডে জড়িত হওয়ার পরিণতিতে নিষেধাজ্ঞা আরোপিত হতে পারে, এটি নির্ভর করে লঙ্ঘনের প্রকৃতি এবং কতটা গুরুতর তার উপর, এর অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমিত নয়, অনাকাঙ্খিত আচরণ বন্ধের সতর্ক বার্তা, যারা বর্তমান CCEC সদস্য তাদেরকে প্রার্থীতা থেকে সাসপেন্ড বা অপসারণ করা এবং/অথবা যেকোনো প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা।

বাড়তি নির্দেশনা হিসেবে, আমরা নিষিদ্ধ প্রচার কর্মকাণ্ডের কিছু বিবরণমূলক নমুনা প্রদান করেছি।

- **করা যাবে না** - যোগাযোগের তথ্য অথবা বিতরণ-তালিকা ব্যবহার যা আপনি কোন DOE কর্মীর কাছ থেকে অথবা DOE-র ভিতরে বর্তমান অথবা প্রাক্তন প্যারেন্ট লিডারশিপ ভূমিকায় থাকার কারণে পেয়েছেন।

  উদাহরণ:

  - *একজন PTA প্রেসিডেন্ট শুধু একজন PTA এক্সিকিউটিভ বোর্ড সদস্য হবার কারণে যে তথ্য তিনি জানেন, এই ক্ষেত্রে, পিতামাতা যোগাযোগের তথ্য, সেটি তিনি ব্যবহার করবেন না।*

- **করা যাবে না** - প্রার্থী হিসেবে আপনাকে শনাক্তকারী কোনো পটভূমি অথবা অন্যান্য সামগ্রী প্রদর্শন করা, অথবা DOE-সমর্থিত ভার্চুয়াল স্পেসে (যেমন PA/PTA, প্রেসিডেন্টস্ কাউন্সিল, SLT, টাইটেল ওয়ান PAC, DPAC, CPAC এবং CCEC মিটিং) প্রচার করা, এর ব্যতিক্রম হলো DOE-সমর্থিত প্রার্থী ফোরাম, যার অন্তর্ভুক্ত প্যারেন্ট সংগঠনের মিটিং যেখানে সকল প্রার্থীকে আমন্ত্রণ জানানো হয়েছে।

  উদাহরণসমূহ:

  - *কোনো মাসিক CCEC মিটিংয়ের সময় যোগদানকারীদেরকে হয় আপনাকে বা অন্য প্রার্থীকে ভোটদানে উৎসাহিত করা অথবা নির্দিষ্ট কোনো প্রার্থীকে ভোটদানে নিরুৎসাহিত করা।*
  - *প্রদর্শন করা, কোনো ভার্চুয়াল PA/PTA মিটিংয়ের জুম-এ আপনার স্ক্রিনের কোনো ব্যাকগ্রাউন্ডে নিজেকে একজন CCEC প্রার্থী হিসেবে পরিচয় দেয়া।*
  - *CCEC-এর প্রার্থী নয় এমন কোনো ব্যক্তি যে DOE--এর সহায়তাপ্রাপ্ত ভার্চুয়াল মিটিংয়ে অংশগ্রণ করেছেন, তাকে দিয়ে আপনার প্রার্থীর সমর্থনে কোনো পটভূমি অথবা অন্য কোনো সামগ্রী প্রদর্শনের অনুরোধ জানানো বা তাকে উৎসাহিত করা।*

- **করা যাবে না** - কোনো CCEC নির্বানের ফলাফলে হস্তক্ষেপ বা সেটিকে প্রভাবিত করার উদ্দেশ্যে অথবা যেকোনো CCEC প্রচার কর্মকাণ্ডের সাথে যুক্ত যেকোনো সুবিধা গ্রহণে, সদস্য অথবা অফিসার হিসেবে আপনার পদবী অথবা অবস্থানের ব্যবহার।

জানুন · প্রার্থী হোন · ভোট দিন

এডুকেশন কাউন্সিল নির্বাচন 2025

উদাহরণসমূহ:

- *কোনো একজন CCEC প্রার্থীর প্রতি সমর্থন প্রকাশ করতে অফিসিয়াল অথবা আনঅফিসিয়াল PTA ফেসবুক গ্রুপ পেজে পোস্টিং দেওয়ার সময় নিজেকে একজন CCEC সদস্য হিসেবে পরিচিত করা।*
- *কোনো মাসিক CCEC মিটিংয়ের সময় যোগদানকারীদেরকে হয় আপনাকে বা অন্য প্রার্থীকে ভোটদানে উৎসাহিত করা অথবা নির্দিষ্ট কোনো প্রার্থীকে ভোটদানে নিরুৎসাহিত করা।*

- **করবেন না** প্রচার সামগ্রী তৈরি বা বিলি করতে স্কুল বা DOE-এর যন্ত্রপাতি বা উপকরণ ব্যবহার।
- **করবেন না** কোন স্কুলে অথবা বিষয় DOE অধীনস্ত এলাকায় প্রচারণা সামগ্রী পোস্ট বা বিতরণ করা, এর অন্তর্ভুক্ত PA/PTA অথবা অন্য কারো কাছে ডাকযোগে বিভিন্ন সামগ্রী পাঠানো।

উদাহরণ:

- *কোনো স্কুল বিল্ডিংয়ের ভিতরে অথবা স্কুল প্রঙ্গণে প্রচার সামগ্রী বিতরণ করা।*
- *স্কুল বিল্ডিংয়ের বাইরে পাবলিক সাইডওয়াকে প্রচার সামগ্রী বিতরণ অনুমতিযোগ্য, যদি না সেটি স্কুলে প্রবেশ বা স্কুল থেকে বের হাওয়ায় বিঘ্ন সৃষ্টি না করে।*

- **করা যাবে না** পিতামাতা সংগঠনগুলোর অফিশিয়াল DOE ইমেইল ঠিকানায় প্রচারণা সামগ্রী পাঠানো।
- **করা যাবে না** যেকোনো DOE-সমর্থিত পিতামাতা সংগঠনের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে অথবা ওয়েবসাইটে কোনো প্রচার সামগ্রী পোস্ট অথবা কাউকে পোস্ট করতে অনুরোধ করা (যেমন, PA/PTA, প্রেসিডেন্টস্ কাউন্সিল, SLT, টাইটেল ওয়ান PAC, DPAC, CPAC এবং CCECs)।
- **করা যাবে না** DOE-এর কোনো কর্মী অথবা CCEC-এর কোনো অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিসট্যান্টকে আপনার পক্ষ হয়ে প্রচার সামগ্রী বিতরণ করতে বলা।
- **করবেন না** আপনার প্রচারণায় $500 ডলারের অধিক ব্যয়।
- অন্য প্রার্থীদের সাথে প্রাচার সামগ্রী শেয়ার করবেন না, এর অন্তর্ভুক্ত যৌথভাবে অনুষ্ঠান আয়োজন, যৌথভাবে প্রচার সামগ্রী তৈরি অথবা অন্য প্রার্থীদেরকে অর্থ বা পরিষেবা অনুদান দেয়া।

  উদাহরণ:

  - *তিনজন প্রার্থী যুগ্মভাবে একটি পোস্টকার্ড তৈরি এবং ডাকযোগে পাঠিয়ে ভোটারদের সকল তিনজনকে ভোটদানে উৎসাহিত করা যার মোট খরচ $800 ডলার। এই রিসোর্স শেয়ারের বিষয়টি কোনো প্রচারে $500 ডলারের অধিক ব্যয়ের নিষেধাজ্ঞাকে পাশ কাটায়।*

- **করবেন না** কোনো ব্যক্তি অথবা সংগঠন থেকে প্রচারের অনুদান অথবা অন্য কোন উপহার চাওয়া অথবা গ্রহণ করা - এর অন্তর্ভুক্ত বিভিন্ন পরিষেবা যেমন ফোন ব্যাংকিং অথবা অ্যাডভারটাইজিং।

- **করবেন না** কোনো রাজনৈতিক কমিটি, রাজনৈতিক দল অথবা কোনো দলীয় কর্মকর্তা অথবা নির্বাচিত কর্মকর্তা যার অন্তর্ভুক্ত কমিউনিটি বা সিটিওয়াইড কাউন্সিল সদস্য, তাদের কাছ থেকে অনুমোদন চাইবেন বা গ্রহণ করবেন না।
- রাজনৈতিক কমিটির অন্তর্ভুক্ত রাজনৈতিক পদক্ষেপ কমিটি, কোনো নির্দিষ্ট প্রার্থী/প্রার্থীদেরকে সমর্থনদানে গঠিত কমিটি, এবং পার্টি-গঠিত কমিটিসমূহ।
- প্রার্থীতার জন্য স্বীকৃতি গ্রহণ, যাতে ইমেইলের মাধ্যমে, অথবা আপনার ওয়েবসাইট. সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, অথবা প্রচার সামগ্রীর মাধ্যমে অনুমোদন পছন্দ করা, পুনরায় টুইট করা, পোস্টিং, অথবা অন্যথায় বিতরণ ইত্যাদি অন্তর্ভুক্ত, কিন্তু তা এতেই সীমিত নয়।

উদাহরণসমূহ:

- *একটি রাজনৈতিক অ্যাকশন কমিটি কর্তৃক টুইটকৃত একটি অনুমোদনের জবাবে "থ্যাংক ইউ" টুইট করা।*
- *আপনার প্রার্থীতাকে স্বীকৃতি দেওয়া একজন নির্বাচিত অফিসিয়ালের কাছ থেকে কোনো টুইট লাইক (পছন্দ) করা, এমন কী কোনো কথা (টেক্সট) যোগ ছাড়াও।*
- *আপনার প্রার্থীতার স্বীকৃতি রয়েছে এমন কোনো একটি রাজনৈতিক অ্যাকশন কমিটির ওয়েবসাইটে আপনার সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টের কোনো লিংক পোস্ট করা।*

উপরে উল্লিখিত গাইডলাইন অথবা চ্যান্সেলেরর প্রবিধান D-130-এর লঙ্ঘনজনিত কোনো অভিযোগ জমা দিতে হবে Elections2025@schools.nyc.gov ঠিকানায়। এইসব অভিযোগ যথাযথ অফিসে পাঠাতে হবে এবং এগুলোর আইন মোতাবেক তদন্ত হতে হবে।

প্রয়োগযোগ্য প্রবিধান অথবা গাইডলাইনের এক বা একাধিক লঙ্ঘনের জন্য অযোগ্য প্রার্থীগণ তাদের আপিল Elections2025@schools.nyc.gov. সাইটে জমা দিতে পারেন। অফিস অভ দ্যা জেনারেল কাউন্সিল আপিল পর্যালোচনা করবেন।